

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৪৮২

পানিসাগর, ৪ অক্টোবর, ২০২৪

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনা  
পানিসাগরে মৎস্যচাষিদের সহায়তা

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় পানিসাগর মহকুমায় ১০ জন মৎস্যচাষিকে ৬ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। গতকাল পানিসাগর মৎস্যচাষ জ্ঞান কেন্দ্রে এক অনুষ্ঠানে সুবিধাভোগী মৎস্যচাষিদের হাতে এই সহায়তা তুলে দেওয়া হয়। এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক বিনয়ভূষণ দাস। উপস্থিত ছিলেন পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস, পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস, মৎস্য দপ্তরের উপঅধিকর্তা বিজয় রায়, মহকুমা মৎস্য তত্ত্বাবধায়ক কামাল হোসেন প্রমুখ।

\*\*\*\*\*